জাতীয় বিশ্ববিদ্যালয়

# দ্বিতীয় বর্ষ ডিগ্রি পাস পরীক্ষা আগামীকাল শুরু

**গাজীপুর প্রতিনিধি** ●
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সালের দ্বিতীয় বর্ষ ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা আগামীকাল (১৩ ফেব্রুয়ারি) থেকে সারাদেশে একযোগে শুরু হবে, যা চলবে ২৩ ফেব্রুয়ারি পর্যন্ত। বৃহস্পতিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করীম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, প্রতিদিন (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) বেলা ২টা থেকে পরীক্ষা শুরু হবে। সারাদেশে মোট ১ হাজার ৮৭৭টি কলেজের ৭০২টি কেন্দ্রে ১ লাখ ৯০ হাজার ৪৮৮ শিক্ষার্থী দ্বিতীয় বর্ষের পরীক্ষায় অংশ নেবে। ইতোমধ্যে পরীক্ষার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কন্ট্রোল রুম খোলা হয়েছে। জরুরি যে কোনো সমস্যায় ০২-৯২৯১০১৭ এবং ০২-৯২৯১০৩৮ নম্বরে যোগাযোগের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে।